গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং(একাডেমিক ভবন)
শেরেবাংলানগর, ঢাকা-১২০৭
**www.dgnm.gov.bd**

স্মারক নম্বর- ডিজিএনএম/শা-৩/৪টি-১০/২০১৬/ ৪০২৫

তারিখ- ১৮/৪/১৪২৪বাংলা
০১/৭/২০১৭খ্রিঃ

১। অধ্যক্ষ,কলেজ অব নার্সিং, মহাখালী, ঢাকা/নার্সিং কলেজ/ নার্সিং ইনস্টিটিউট,
-------------------------------------।

২। নার্সিং ইনস্ট্রাকটর ইনচার্জ, নার্সিং ইনসিটিটিউট,
-----------------------------------------।

বিষয়ঃ- স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে গৃহীত কর্মসূচি বাস্তবায়ন প্রসংগে।

সূত্র নম্বর- ক) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.১৬-২৫২, তারিখঃ ১২/০৭/২০১৪ খ্রিঃ।
খ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং- ৪৫.১৩৭.১১৬.০০.০০.০০১.২০১৬-১০৪৯, তারিখঃ ২৩/০৭/২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রর আলোকে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহদাত বার্ষিকীতে "জাতীয় শোক দিবস " পালনের লক্ষ্যে গৃহীত কর্মসূচি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর আওতাধিন নার্সিং কলেজ, নার্সিং ইনস্টিটিউট ও সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

অনুচ্ছিন্ন: ৰৰ্নামতি

৩১-৭-১৭
তন্দ্রা শিকদার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর- ডিজিএনএম/শা-৩/৪টি-১০/২০১৬/ ৪০২৫/১(৮)

তারিখ- ১৮/৪/১৪২৪বাংলা
০১/৭/২০১৭খ্রিঃ।

অনুলিপি অবগতির জন্য বিতরণ করা হ'লঃ-

১। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল,------------------------------------------------।
২। সিভিল সার্জন,-----------------------।
৩। তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল,---------------------------/ সদর হাসপাতাল,---------------------------।
৪। সহকারি পরিচালক, জেনারেল হাসপাতাল,-------------------------------------।
৫। পরিচালক(স্বাস্থ্য), ----------------------------- বিভাগ,------------------।
৬। সহকারি পরিচালক( নার্সিং), পরিচালক(স্বাস্থ্য) এর কার্যালয়,-------------------বিভাগ,------------------।
৭। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জনের কার্যালয়, -----------------------------।
৮। পিএমআইএস শাখা, অত্র অধিদপ্তর ( ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৩১-৭-১৭
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

**অতি জরুরী**
**বিশেষ বাহক মারফত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন - ১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং-৪৫.১৩৭.১১৬.০০.০০.০০১.২০১৬- ১০৪৩ তারিখঃ ০৮/০৪/১৪২৪ বঙ্গাব্দ
২৩/০৭/২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে গৃহীত কর্মসূচি বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং -০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.১৬-২৫২, তারিখঃ ১২/০৭/২০১৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত ০৫/০৭/২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হল। প্রেরিত সভার কার্যবিবরণীতে আগামী ১৫ আগস্ট ২০১৭ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২ তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে গৃহীত সংশ্লিষ্ট কর্মসূচি [ক্রমিক নং- ২.১(ক), ২.২ (ঘ), ২.৩ (ঙ), ২.১০ ও ২.১৪(ক)] বাস্তবায়নের কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হল।

২। বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তিঃ বর্ণনামতে,

২৩/৭/১৭
(মোঃ রেজাউল আলম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd

বিতরণঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/ স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৩। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৪। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

অনুলিপিঃ

১। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## মন্ত্রিপরিষদ বিভাগ

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভার তারিখ | : ০৫ জুলাই ২০১৭ |
| সময় | : বেলা ৩:০০ টা |
| স্থান | : মন্ত্রিপরিষদ কক্ষ, মন্ত্রিপরিষদ বিভাগ |
| সভাপতি | : মোহাম্মদ শফিউল আলম, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ। |
| সভায় উপস্থিতি | : পরিশিষ্ট-ক |

১। সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০১৭ তারিখ মঙ্গলবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষে প্রস্তাবিত কর্মসূচির ওপর আলোচনার সূত্রপাত করেন। সভাপতি বলেন যে, শোক দিবস পালন উপলক্ষে কর্মসূচি চূড়ান্তকরণ এবং গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে এই সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) জনাব মোঃ সাইদুর রহমান প্রস্তাবিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

২। বিস্তারিত আলোচনার পর ১৫ আগস্ট ২০১৭ তারিখ মঙ্গলবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে সমগ্র বাংলাদেশে ও প্রবাসে জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয়:

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ২.১ | (ক) ১৫ আগস্ট ২০১৭ তারিখ মঙ্গলবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | ক) সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, সংস্থা ও দপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| | (খ) বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে এবং আলোচনা সভার আয়োজন করা হবে।<br>**সহায়ক কার্যক্রম :**<br>• তথ্য মন্ত্রণালয় বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে প্রচারের জন্য যাবতীয় সিডি, পোস্টার ও অন্যান্য সামগ্রী পর্যাপ্ত সময় পূর্বে পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিকট হস্তান্তর করবে। বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালন করবে। | খ) পররাষ্ট্র মন্ত্রণালয়/ তথ্য মন্ত্রণালয়/ |
| | • বাংলাদেশ টেলিভিশন জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, ছেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার না করা ও মানসম্মত কাপড়ে যথা নিয়মে জাতীয় পতাকা প্রস্তুত করার বিষয়ে ব্যাপক প্রচার করবে। | বাংলাদেশ টেলিভিশন |

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ২.২ | সকাল ৬:৩০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত। | |
| | **সহায়ক কার্যক্রম:** | |
| | (ক) সশস্ত্র বাহিনী বিভাগ পুষ্পস্তবক অর্পণ এবং পবিত্র কোরআন তেলাওয়াতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ক) সশস্ত্র বাহিনী বিভাগ |
| | (খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ বঙ্গবন্ধুর প্রতিকৃতি সংস্কার (প্রয়োজন অনুযায়ী), সম্মুখস্থ রাস্তায় ত্রিপলসহ প্যান্ডেল তৈরি, আসন ব্যবস্থা, স্পট/ফ্লাড/অন্যান্য লাইট স্থাপন, দেয়াল ও গ্রীল রঙকরণ, অনুষ্ঠানস্থল যথাযথভাবে সজ্জিতকরণ, মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর জন্য পুষ্পস্তবক সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| | (গ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় অনুষ্ঠানস্থলের সার্বিক আইন-শৃঙ্খলা, ট্রাফিক নিয়ন্ত্রণ ও গাড়ি পার্কিংয়ের প্রয়োজনীয় ব্যবস্থা করবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় জাতীয় শোক দিবস পালন সংক্রান্ত সার্বিক নিরাপত্তার বিষয়ে আইন-শৃঙ্খলা বাহিনী ও সংশ্লিষ্টদের নিয়ে জুলাই ২০১৭ মাসে একটি প্রস্তুতিমূলক সভা এবং আগস্ট ২০১৭ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে। | গ) জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| | ঘ) স্বাস্থ্য সেবা বিভাগ এসবি পাশ সংগ্রহপূর্বক অনুষ্ঠানস্থলে অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা গ্রহণ করবে। মেডিকেল টিম অনুষ্ঠানস্থলে প্যান্ডেলের নির্ধারিত স্থলে থাকবে। | ঘ) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| | (ঙ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল ও এর পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। বঙ্গবন্ধুর প্রতিকৃতি-সংলগ্ন ফোয়ারায় পানি-প্রবাহের মোটর চালু রাখার ব্যবস্থা গ্রহণ করবে। | ঙ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন,<br>জেলা প্রশাসন ঢাকা, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ |
| ২.৩ | ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহিদের কবরে (ঢাকার বনানীস্থ কবরস্থানে) সকাল ৭:৩০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ এবং ফাতেহা পাঠ ও দোয়া। | |
| | সহায়ক কার্যক্রম: | |
| | (ক) সশস্ত্র বাহিনী বিভাগ পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ এবং পবিত্র কোরআন তেলাওয়াত, ফাতেহা পাঠ ও মোনাজাতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ক) সশস্ত্র বাহিনী বিভাগ |
| | (খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রয়োজনীয় পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি সরবরাহ করবে। | খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| | (গ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় অনুষ্ঠানস্থলে আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | গ) জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| | (ঘ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল এবং পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, ত্রিপলযুক্ত প্যান্ডেল স্থাপনসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | ঘ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| | (ঙ) স্বাস্থ্য সেবা বিভাগ এসবি পাশ সংগ্রহপূর্বক অনুষ্ঠানস্থলে অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা গ্রহণ করবে। | ঙ) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ২.৪ | ১৫ আগস্ট ২০১৭ মঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকায় গোপালগঞ্জ জেলার টুংগীপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত।<br><br>সহায়ক কার্যক্রম:<br>(ক) সশস্ত্র বাহিনী বিভাগ পুষ্পস্তবক অর্পণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>(খ) জেলা প্রশাসন, গোপালগঞ্জ প্রয়োজনীয় পুষ্পস্তবক সরবরাহ করবে।<br>(গ) পুলিশ সুপার, গোপালগঞ্জ অনুষ্ঠানের সার্বিক নিরাপত্তা এবং অনুষ্ঠানস্থলে আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>(ঘ) জেলা প্রশাসন, গোপালগঞ্জ ফাতেহা পাঠ ও মোনাজাতের ব্যবস্থা গ্রহণ করবে।<br>ঙ) সিভিল সার্জন, গোপালগঞ্জ এসবি পাশ সংগ্রহপূর্বক অনুষ্ঠানস্থলে অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা করবে।<br>চ) গণপূর্ত বিভাগ অনুষ্ঠানস্থলের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ প্রয়োজনীয় সংস্কারের ব্যবস্থা করবে।<br>ছ) অনুষ্ঠানস্থলে মন্ত্রিপরিষদ সচিব, প্রধানমন্ত্রীর মুখ্যসচিবসহ মাননীয় প্রধানমন্ত্রীর সফরসঙ্গীদের দাঁড়িয়ে সম্মান দেখানোর জন্য স্থান সংকুলানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) সশস্ত্র বাহিনী বিভাগ<br>খ) জেলা প্রশাসন, গোপালগঞ্জ<br>গ) পুলিশ সুপার, গোপালগঞ্জ<br>ঘ) জেলা প্রশাসন, গোপালগঞ্জ<br>ঙ) সিভিল সার্জন, গোপালগঞ্জ<br>চ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়<br>ছ) জেলা প্রশাসক, গোপালগঞ্জ |
| ২.৫ | টুংগীপাড়ায় জাতির পিতার সমাধিস্থলে বিশেষ দোয়া মাহফিল। | জেলা প্রশাসন, গোপালগঞ্জ |
| ২.৬ | সারাদেশের মসজিদসমূহে বাদ জোহর বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়,<br>বিভাগীয় কমিশনার (সকল),<br>জেলা প্রশাসক (সকল),<br>উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ২.৭ | জাতীয় শোক দিবস উপলক্ষে বাংলাদেশ বেতার এবং বাংলাদেশ টেলিভিশন কর্তৃক বিশেষ অনুষ্ঠানমালা প্রচার।<br>সহায়ক কার্যক্রম:<br>বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার জাতীয় শোক দিবসের উল্লেখযোগ্য অনুষ্ঠানসমূহ সরাসরি সম্প্রচার করবে। বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারের মাধ্যমে অন্যান্য বেসরকারি টেলিভিশন ও রেডিও চ্যানেল যাতে উক্ত অনুষ্ঠানসমূহ সরাসরি সম্প্রচার করে সে বিষয়ে তথ্য মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | তথ্য মন্ত্রণালয়,<br>বাংলাদেশ বেতার,<br>বাংলাদেশ টেলিভিশন |
| ২.৮ | জাতীয় দৈনিক ও সাময়িকীতে ক্রোড়পত্র প্রকাশ, চাহিদার আলোকে পোস্টার মুদ্রণ ও বিতরণ এবং বঙ্গবন্ধুর ওপর প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শন। শিক্ষা প্রতিষ্ঠান/গ্রোথ সেন্টারসহ গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | তথ্য মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, তথ্য অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর |
| ২.৯ | শিক্ষা প্রতিষ্ঠান, শিশু একাডেমি বা অনুরূপ প্রতিষ্ঠানের অনুরোধের ভিত্তিতে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর জাতীয় শোক দিবস ও বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক বক্তৃতার আয়োজন করতে পারে। | কিউরেটর,বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর |
| ২.১০ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর ও সংস্থা জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, সংযুক্ত অধিদপ্তর, সংস্থা ও দপ্তর |

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| | সহায়ক কার্যক্রম:<br>(ক) সরকারি-বেসরকারি সকল প্রাথমিক বিদ্যালয়, মাদ্রাসা, হাইস্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ্-নাত্ প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করবে। | ক) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ |
| | (খ) তথ্য মন্ত্রণালয় তার আওতাধীন সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে আলোকচিত্র প্রদর্শনী, নিরীক্ষা, নবারুণ, সচিত্র বাংলাদেশ ও বাংলাদেশ কোয়ার্টারলির বিশেষ সংখ্যা প্রকাশ, স্মরণিকা ও বিশেষ নিবন্ধ প্রকাশ, আলোচনা সভা ও অন্যান্য কার্যক্রম গ্রহণ করবে। গণযোগাযোগ অধিদপ্তর প্রয়োজনীয় ক্ষেত্রে শব্দযন্ত্র সরবরাহ করবে। বাংলাদেশ টেলিভিশন বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামচা গ্রন্থ দুটির পাঠ আগস্ট মাসব্যাপি প্রচারের ব্যবস্থা করবে এবং কিউরেটর বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। | খ) তথ্য মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বাসস, পিআইবি, বিএফডিসি, ডিএফপি ও কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর |
| | (গ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় তার আওতাধীন সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে। এছাড়া ইসলামিক ফাউন্ডেশন সারা দেশে ফাউন্ডেশনের সকল দপ্তরে পবিত্র কোরআন তেলাওয়াত, হামদ্-নাত্, আলোচনা সভা ও দোয়া মাহফিলের মাধ্যমে দিবসটি পালন করবে। | গ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন |
| | (ঘ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় তার আওতাধীন সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে। | ঘ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| | (ঙ) সমাজকল্যাণ মন্ত্রণালয় তার আওতাধীন সরকারি শিশু পরিবারে পবিত্র কোরআন তেলাওয়াত ও দোয়া মাহফিলের আয়োজন করবে। | ঙ) সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| | (চ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় তার আওতাধীন সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে। এছাড়াও সোহরাওয়ার্দী উদ্যানে ঐতিহাসিক ৭ মার্চের ভাষণস্থলে স্থাপিত স্বাধীনতা স্তম্ভ ও মুক্তিযুদ্ধ জাদুঘর শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে পরিদর্শনের ব্যবস্থা করবে। | চ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| | (ছ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় তার আওতাধীন সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে। | ছ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| ২.১১ | জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। জেলা ও উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিতকরণের বিষয়ে সকল মন্ত্রণালয়/বিভাগ তাদের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে এবং মনিটরিং করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, মন্ত্রণালয়/বিভাগ (সকল), সংযুক্ত অধিদপ্তর, সংস্থা ও দপ্তরসমূহ, বিভাগীয় কমিশনার (সকল) জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ২.১২ | বিভিন্ন প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠন কর্তৃক টুংগীপাড়ায় জাতির পিতার সমাধিস্থলে এবং ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, দোয়া মাহফিল ও আলোচনা সভার আয়োজন করা হবে। জেলা প্রশাসন, গোপালগঞ্জ এবং বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ আইন প্রয়োগকারী সংস্থার সহায়তায় এ সকল কর্মসূচির সমন্বয় সাধন এবং শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করবে। মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর ত্যাগ না করা পর্যন্ত কেউ পুষ্পস্তবক অর্পণ করবেন না। | জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জেলা প্রশাসন, ঢাকা, জেলা প্রশাসন, গোপালগঞ্জ, পুলিশ সুপার, গোপালগঞ্জ, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ |

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ২.১৩ | দেশের সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ কর্তৃক যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ২.১৪ | (ক) জাতীয় কর্মসূচির আলোকে মন্ত্রণালয়/বিভাগসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। সকল মন্ত্রণালয়/বিভাগ জুলাই ২০১৭ মাসে একটি প্রস্তুতিমূলক সভা এবং আগস্ট ২০১৭ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে। | ক) সকল মন্ত্রণালয়/বিভাগ |
| | (খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় জাতীয় শোক দিবস উপলক্ষে সোহরাওয়ার্দী উদ্যানে স্বাধীনতা স্তম্ভ ও পার্শ্ববর্তী এলাকা দর্শনার্থীদের জন্য অবৈধ দখলমুক্ত ও পরিষ্কার-পরিচ্ছন্ন করার ব্যবস্থা গ্রহণ করবে। | খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| | (গ) বিভাগীয় কমিশনার, ঢাকা ও অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, টুংগীপাড়ায় অনুষ্ঠেয় সকল কর্মসূচি সমন্বয় করবেন। | গ) বিভাগীয় কমিশনার, ঢাকা ও অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ |
| | (ঘ) বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা গ্রন্থ দুটি ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং রাষ্ট্রীয় অনুষ্ঠান, কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | ঘ) শিক্ষা মন্ত্রণালয় ও মন্ত্রিপরিষদ বিভাগ |

৩। ক্রমিক ২.২ ও ২.৩-এ বর্ণিত কর্মসূচিসমূহ পরিবীক্ষণ এবং প্রয়োজনীয় সমন্বয় সাধনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ গত বছরের ন্যায় দুটি পৃথক কমিটি গঠন করবে।

৪। আন্তঃমন্ত্রণালয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন পর্যালোচনা ও সমন্বয়ের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ফলো-আপ সভার আয়োজন করবে।

৫। জাতীয় শোক দিবস ২০১৭ যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য গত অর্থবছর প্রতি জেলায় ২৫,০০০/- ও প্রতি উপজেলায় ১০,০০০/-টাকা বরাদ্দ প্রদান করা হয় যা বর্তমান সময়ের পরিপ্রেক্ষিতে অপ্রতুল। জাতীয় শোক দিবস ২০১৭ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে যৌক্তিক বিবেচনায় ২০১৭-১৮ অর্থবছর থেকে প্রতি জেলায় (সদর উপজেলাসহ ৬৩টি জেলা, গোপালগঞ্জ ব্যতীত) ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং প্রতি উপজেলায় (সকল সদর উপজেলা, টুঙ্গিপাড়া, তেজগাঁও উন্নয়ন সার্কেল ব্যতীত) ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা হারে এবং গোপালগঞ্জ জেলাকে পূর্বের ন্যায় প্রয়োজন অনুযায়ী বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য, ২০১৭-১৮ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগের অনুষ্ঠান ও উৎসবাদি খাতে প্রয়োজনীয় অর্থের সংস্থান রয়েছে।

৬।  সভাপতি জাতীয় শোক দিবস ২০১৭ যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ জানান এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহ্বান জানান। সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
০৯/০৭/২০১৭
(মোহাম্মদ শফিউল আলম)
মন্ত্রিপরিষদ সচিব

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.১৬.**২৫২**

তারিখ: ২৮ আষাঢ় ১৪২৪ / ১২ জুলাই ২০১৭

**বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব (সকল)........................................................................মন্ত্রণালয়/বিভাগ।
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।
৪. সচিব (সকল)........................................................................ মন্ত্রণালয়/বিভাগ ।
৫. রাষ্ট্রপতির সামরিক সচিব, আপন বিভাগ, বঙ্গভবন, ঢাকা।
৬. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ।
৭. কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ধানমন্ডি, ঢাকা।
৮. ভারপ্রাপ্ত সচিব (সকল)........................................................................ মন্ত্রণালয়/বিভাগ ।
৯. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১০. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর।
১১. বিভাগীয় কমিশনার (সকল)................................................বিভাগ।
১২. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার।
১৩. কমিশনার, ঢাকা মেট্রোপলিটান পুলিশ।
১৪. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর/ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর।
১৫. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন।
১৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৭. জেলা প্রশাসক (সকল)....................................................জেলা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সংশ্লিষ্ট সকল উপজেলা নির্বাহী কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।

অনুলিপি: কার্যার্থে

১. অতিরিক্ত সচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ।
২. যুগ্মসচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ।
৩. উপসচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ।
৪. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

রিয়াসাত আল ওয়াসিফ
উপসচিব
ফোন: ৯৫৪০৯৭১
মোবাইল: ০১৭১২-০০১৫৫৮